# আবুল কাসেম ফজলুল হক : জীবনপঞ্জি ও গ্রন্থপঞ্জি

## ক. জীবনপঞ্জি

**জন্মপরিচয়** : আবুল কাসেম ফজলুল হক কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলার পাকুন্দিয়া গ্রামে ৩০ সেপ্টেম্বর ১৯৪০ খ্রিষ্টাব্দে (১৪ আশ্বিন ১৩৪৭ বঙ্গাব্দ) জন্মগ্রহণ করেন। পিতা আব্দুল হাকিম; মাতা মোসা. জাহানারা খাতুন। পিতামহ মো. ইসমাইল হোসেন। পিতা ও পিতামহ দুজনই ছিলেন স্কুল শিক্ষক।

**শিক্ষাজীবন** : আবুল কাসেম ফজলুল হকের শৈশব অতিবাহিত হয় কিশোরগঞ্জের পাকুন্দিয়ায়। স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া করেন। পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষায় ঢাকা রেঞ্জে প্রথম স্থান অধিকার করে বৃত্তি লাভ করেন। ষষ্ঠ শ্রেণিতেও তিনি স্থানীয় এম.ই. স্কুল থেকে বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করে ঢাকা রেঞ্জে প্রথম স্থান অর্জন করেন। তারপর ময়মনসিংহ জেলা স্কুল থেকে ১৯৫৯ সালে ম্যাট্রিকুলেশন পাস করেন। ইন্টারমিডিয়েট ভর্তি হন ঢাকা কলেজে। কিন্তু শারীরিক অসুস্থতার কারণে ফাইনাল পরীক্ষায় বসা হয়নি। পরের বছর ময়মনসিংহ আনন্দমোহন কলেজ থেকে ১৯৬২ সালে আই এসসি পাস করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে ১৯৬২-৬৩ সেশনে ভর্তি হন, ১৯৬৫ সালে স্নাতক (অনার্স) ও ১৯৬৬ সালে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন।

**কর্মজীবন** : ঢাকা বিশ্ববিদ্যালয়ের রিসার্চ স্কলারশিপ নিয়ে তিন বছর (১৯৬৭-১৯৭০) রিসার্চ স্কলার হিসেবে গবেষণায় নিয়োজিত ছিলেন। ১৯৭২ সালের ৮ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন এবং প্রফেসর হিসেবে ২০১১ সালের ৩০ জুন অবসর গ্রহণ করেন। সুপারনিউমারারি অধ্যাপক হিসেবে ২০১১-২০১৫ পর্যন্ত একই বিভাগে কর্মরত ছিলেন। দুই বছর (২০২১-২৩) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে আহমদ শরীফ চেয়ার পদে প্রফেসর হিসেবে নিয়োজিত আছেন।

**রাজনৈতিক জীবন** : ১৯৫২ সালে রাষ্ট্রভাষা আন্দোলনের সময়ে আবুল কাসেম ফজলুল হকের রাজনৈতিক চেতনার উন্মেষ ঘটে। জীবনের প্রথম তিনি মিছিলে যান ১৯৫২ সালের ২২ ফেব্রুয়ারি, তখন তিনি চতুর্থ শ্রেণির ছাত্র। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে 'পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন'-এ সক্রিয় ছিলেন। তিনি ছাত্র ইউনিয়নের সলিমুল-হ হল শাখার সভাপতি ও কেন্দ্রীয় কমিটির সংস্কৃতি সম্পাদক, এবং কোষাধ্যক্ষ ছিলেন। বিশ্ববিদ্যালয়ে ছাত্র থাকাকালে তিনি সংস্কৃতি সংসদেও সক্রিয় ছিলেন। ১৯৭২ সাল থেকে বছর দশেক তিনি সুকান্ত একাডেমির সভাপতি, বাংলাদেশ উপন্যাস পরিষদের সভাপতি ছিলেন। সক্রিয় ছিলেন বাংলাদেশ লেখক শিবিরে। বর্তমানে স্বদেশচিন্তা সংঘের সভাপতি (১৯৯৬-২০২২) পদে আসীন রয়েছেন। ১৯৬০-এর দশকের শেষ দিকে তিনি মার্কসবাদী ধারার রাজনীতিতেও সক্রিয় ছিলেন। মার্কসবাদী দলগুলোর ক্রমাগত ভাঙন ও বাস্তবসম্মত দৃষ্টিভঙ্গির অভাব আর বাঙালি জাতীয়তাবাদী আবেগের সঙ্গে সর্বজনীন গণতন্ত্র কিংবা সমাজতন্ত্রের কার্যকর সংযোগ না দেখে তিনি মর্মাহত হন। ১৯৬৯-এর গণঅভ্যুত্থানের পরে তিনি মার্কসবাদী রাজনীতির সব সাংগঠনিক সংযোগ ছিন্ন করেন। মূলত ১৯৬০-এর দশকের প্রগতিশীল সব আন্দোলন এবং উনসত্তরের গণঅভ্যুত্থানে তিনি সক্রিয় ভূমিকা পালন করেন। উনসত্তরের গণঅভ্যুত্থানের পরে তিনি রাজনৈতিক কোনো সংগঠনে যুক্ত না থেকে বরং রাজনীতি ধারায় তিনি যা আশা করতেন লেখার মাধ্যমে তা করার সংকল্প গ্রহণ করেন। এর মধ্যে মুক্তিযুদ্ধ সংঘটিত হয়। মুক্তিযুদ্ধ চলাকালীন তিনি ঢাকা শহরে আত্মরক্ষামূলক অবস্থানে থেকে পরিচিত ও অপরিচিত মুক্তিযোদ্ধাদের আশ্রয় ও অর্থ সংগ্রহ করে দিয়ে সহযোগিতা করেন। স্বাধীনতার পর তিনি কোনো রাজনৈতিক সংগঠনের সঙ্গে যুক্ত হননি। লেখার মাধ্যমে দেশ ও জাতি গঠনে মনোনিবেশ করেন। তাঁর লেখায় রাজনীতি-চিন্তার প্রকাশ আছে। তাঁর এই রাজনীতি চিন্তা গঠিত হয়েছে গণতন্ত্র, সমাজতন্ত্র, জাতীয়তাবাদ ও আন্তর্জাতিকতাবাদের আদর্শের ভিত্তিতে।

**বৈবাহিক অবস্থা** : আবুল কাসেম ফজলুল হক নীলফামারী জেলার ডোমার উপজেলার চিলাহাটি গ্রামের আশেকুর রহমান প্রধান ও রুমিয়া প্রধানের কন্যা ফরিদা প্রধানের সঙ্গে ১৯৭০ সালে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তাঁদের দুই সন্তান শুচিতা শারমিন (১৯৭১-) এবং ফয়সাল আরেফিন দীপন (১৯৭২-২০১৫)।

**পুরস্কার** : বাংলা একাডেমি পুরস্কার (১৯৮১), প্রবন্ধ ও গবেষণার জন্য; অলক্ত সাহিত্য পুরস্কার (২০০৪); বাংলাদেশ লেখক শিবির হুমায়ুন কবির স্মারক পুরস্কার (১৯৭৪); আলাওল সাহিত্য পুরস্কার (১৯৯৮); লোকায়ত সম্পাদনার জন্য কলকাতা লিটল ম্যাগাজিন লাইব্রেরি ও গবেষণা কেন্দ্র থেকে 'লিটল ম্যাগাজিন পুরস্কার' (১৯৯১) প্রদান করা হয়।

## খ. গ্রন্থপঞ্জি

আবুল কাসেম ফজলুল হক যখন ময়মনসিংহ জেলা স্কুলের অষ্টম শ্রেণির ছাত্র (১৯৫৬) তখন স্কুল ম্যাগাজিনে তাঁর প্রথম লেখা 'সৌন্দর্য ও সৌন্দর্যানুরাগ' (প্রবন্ধ) প্রকাশিত হয়। তাঁর প্রথম বই 'মুক্তিসংগ্রাম' প্রকাশিত হয় ১৯৭২ সালে। জাতীয় ও আন্ড়র্জাতিক রিসার্চ জার্নালে এযাবৎ প্রকাশিত হয়েছে ২৫০টির অধিক গবেষণাপত্র। ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটিসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও সংস্থায় অন্ড়ত পনেরোটি স্মারক বক্তৃতা প্রদান করেছেন। তাঁর মৌলিক গ্রন্থের সংখ্যা ৩২টি, অনুবাদ ১টি এবং সম্পাদনা করেছেন অন্ড়ত ২৩টি গ্রন্থ।

বাংলা ভাষার প্রধান লেখকদের, সেই সাথে বার্ট্রান্ড রাসেল, টলস্টয়, এরিখ ফ্রোম, ডারউইন, ফ্রয়েড, হেগেল, রুশো, গ্যেটে, জন ডিউই, আলবার্ট আইনস্টাইন, সর্বপলস্নী রাধাকৃষ্ণণ, মার্কস, এঙ্গেলস, লেনিন, মাও সেতুঙ, গোর্কি, লু সন, চার্লস ডিকেন্স, টমাস হার্ডি প্রমুখের কোনো কোনো লেখা তিনি বাংলায় অনুবাদ করেছেন। নিচে তাঁর গ্রন্থের তালিকা প্রদান করা হলো :

**প্রবন্ধ ও গবেষণা**

১. মুক্তিসংগ্রাম (১৯৭২)
প্রথম প্রকাশ : আহমদ পাবলিশিং হাউজ (১৯৭২)।
আগামী প্রকাশনী সংস্করণ (১৯৯৫); প্রচ্ছদ : কাইয়ুম চৌধুরী; মূল্য : ২২০ টাকা; চতুর্থ সংস্করণ পৃ. ৩৬০

২. কালের যাত্রার ধ্বনি (সেপ্টেম্বর ১৯৭৩)
প্রথম প্রকাশ : খান ব্রাদার্স এন্ড কোং (১৯৭৩)
জাগৃতি প্রকাশনী সংস্করণ (এপ্রিল, ১৯৯৯); প্রচ্ছদ : অনিন্দ্য কবির; মূল্য ৭৫ টাকা; চতুর্থ সংস্করণ পৃ. ১৫৫

৩. একুশে ফেব্রুআরি আন্দোলন (১৯৭৬)
জাগৃতি প্রকাশনী সংস্করণ (ফেব্রুয়ারি ১৯৯৮); প্রচ্ছদ : অনিন্দ্য কবির; মূল্য ৫০ টাকা; পৃ. ৬৪

৪. উনিশ শতকের মধ্যশ্রেণি ও বাঙলা সাহিত্য (১৯৭৯)
জাগৃতি প্রকাশনী সংস্করণ (২০১২); প্রচ্ছদ : সব্যসাচী হাজরা; মূল্য : ১৭৫ টাকা; পৃ. ১১২

৫. যুগসংক্রান্ড়ি ও নীতিজিজ্ঞাসা (আগস্ট, ১৯৮৪)
অক্ষর; প্রচ্ছদ : সরদার জয়নুল আবেদিন; মূল্য : ৩২ টাকা। ভাষাপ্রকাশ সংস্করণ (২০১৭); প্রচ্ছদ : ধ্রুব এষ; মূল্য : ১৫০ টাকা; পৃ. ৮০

৬. মাও সেতুঙের জ্ঞানতত্ত্ব (১৯৮৭)
অক্ষর; মূল্য; ২৫ টাকা; জাগৃতি প্রকাশনী সংস্করণ (২০০৪); প্রচ্ছদ : রবীন আহসান; মূল্য : ২৮০ টাকা; পৃ. ১০৪

৭. মানুষ ও তার পরিবেশ (১৯৮৮)
হাফেজিয়া লাইব্রেরি; প্রচ্ছদ : বীরেন সোম; মূল্য : ২০০ টাকা। পুঁথি নিলয় সংস্করণ (২০১৮); প্রচ্ছদ : মামুন হোসাইন; মূল্য ৪০০ টাকা; পৃ. ২০৮

৮. বাংলাদেশের প্রবন্ধ সাহিত্য (১৯৮৯)
কথাপ্রকাশ সংস্করণ (২০১৫); প্রচ্ছদ সব্যসাচী হাজরা; মূল্য : ৩০০ টাকা; পৃ. ২৫৪

৯. আশা-আকাঙ্ক্ষার সমর্থনে (১৯৯৩)
বাংলা একাডেমি (জুন, ১৯৯৩); প্রচ্ছদ : সমর মজুমদার; মূল্য : ১৬৫ টাকা; পৃ. ৩৭৮

১০. নবযুগের প্রত্যাশায় (১৯৯৪)
জাগৃতি প্রকাশনী; প্রচ্ছদ : আনওয়ার ফারুক; মূল্য : ৬০ টাকা; তৃতীয় সংস্করণ পৃ. ১২৮

১১. সাহিত্যচিন্ড়া (১৯৯৫)
বাংলা একাডেমি (জুন, ১৯৯৫); প্রচ্ছদ : মামুন কায়সার; মূল্য ৭০ টাকা;
অ্যাডর্ন পাবলিকেশন্স সংস্করণ (২০১৭); প্রচ্ছদ : হাশেম খান; মূল্য : ৪৬০ টাকা; পৃ. ২৭২

১২. বাংলাদেশের রাজনীতিতে বুদ্ধিজীবীদের ভূমিকা (১৯৯৭)
কাশবন প্রকাশন (১৯৯৭); কথাপ্রকাশ সংস্করণ (২০০৯); প্রচ্ছদ : সব্যসাচী হাজরা; মূল্য : ২০০ টাকা; পৃ. ২২৪

১৩. অবক্ষয় ও উত্তরণ (১৯৯৮)
প্রাচ্যবিদ্যা প্রকাশনী (১৯৯৮); প্রচ্ছদ : আনোয়ার ফারুক; মূল্য : ৭৫; কথাপ্রকাশ সংস্করণ (২০০৯); প্রচ্ছদ : সাইফুল হক সদল; মূল্য : ২০০ টাকা; পৃ. ২০৮

১৪. রাজনীতি ও সংস্কৃতি : সম্ভাবনার নবদিগন্ড় (২০০২)
অ্যাডর্ন পাবলিকেশন্স (ফেব্রুয়ারি, ২০০২); প্রচ্ছদ : সমরজিৎ রায় চৌধুরী; মূল্য ১৫০ টাকা; পৃ. ১৪৩

১৫. সাহিত্য ও সংস্কৃতি প্রসঙ্গে (২০০২)
গে-ব লাইব্রেরি প্রা. লি. (এপ্রিল, ২০০২); প্রচ্ছদ : নজরুল ইসলাম দুলাল; মূল্য : ৩০০ টাকা; পৃ. ৪২৪

১৬. সংস্কৃতির সহজকথা (২০০২)
অ্যাডর্ন পাবলিকেশন্স (অক্টোবর, ২০০২); প্রচ্ছদ : সৈয়দ লুৎফুল হক; মূল্য : ৫০ টাকা; পৃ. ৩২

১৭. আধুনিকতা ও জীবনানন্দের জীবনোৎকণ্ঠা (২০০৩)
জাগৃতি প্রকাশনী (ফেব্রুয়ারি, ২০০৩); প্রচ্ছদ : অর্ক রহমান; মূল্য : ৬০ টাকা; পৃ. ৬৪

১৮. রাষ্ট্রচিন্ড়ায় বাংলাদেশ (২০০৮)
কথাপ্রকাশ; প্রচ্ছদ : সব্যসাচী হাজরা; মূল্য : ৩০০
জাগৃতি প্রকাশনী সংস্করণ (২০১৮); প্রচ্ছদ : সাইফ আলি; মূল্য : ৬০০ টাকা; পৃ. ৪৩২

১৯. বুদ্ধির মুক্তি আন্দোলন ও উত্তরকাল (২০০৮)

জাগৃতি প্রকাশনী (২০০৮); প্রচ্ছদ : ফয়সাল আরেফিন দীপন; মূল্য : ৮০ টাকা; পৃ. ৬৪

২০. বাংলাদেশ কোন পথে (২০০৯)
কথাপ্রকাশ; প্রচ্ছদ : সাইফুল হক সদল; মূল্য : ১২৫ টাকা; পৃ. ১৪৪ জাগৃতি প্রকাশনী সংস্করণ (২০১৮); প্রচ্ছদ : সাইফ আলি; মূল্য : ৫০০ টাকা; পৃ. ১৬৬

২১. প্রাচুর্যে রিক্ততা (২০১০)
কথাপ্রকাশ (২০১০); প্রচ্ছদ : সাইফুল হক সদল; মূল্য : ১২০ টাকা, পৃ. ৯৬

২২. শ্রেষ্ঠ প্রবন্ধ (২০১১)
কথাপ্রকাশ (২০১১); প্রচ্ছদ : সব্যসাচী হাজরা; মূল্য : ৩০০ টাকা; পৃ. ৩৩৪

২৩. বিশ্বায়ন ও সভ্যতার ভবিষ্যত (২০১২)
কথাপ্রকাশ (২০১২); প্রচ্ছদ : ধ্রুব এষ; মূল্য : ২০০ টাকা; পৃ. ১৪৪

২৪. গণতন্ত্র ও নয়াগণতন্ত্র (২০১২)
কথাপ্রকাশ (২০১২); প্রচ্ছদ : ধ্রুব এষ; মূল্য : ১৬০ টাকা; পৃ. ১২৮

২৫. তাজউদ্দীন আহমদ ও প্রথম বাংলাদেশ সরকার (২০১৫)
জাগৃতি প্রকাশনী (২০১৫); প্রচ্ছদ : ফয়সাল আরেফিন দীপন; মূল্য : ১৮৭ টাকা; পৃ. ৯৬

২৬. সংস্কৃতি (২০১৫)
ভাষাপ্রকাশ (২০১৫); প্রচ্ছদ : ধ্রুব এষ; মূল্য : ১২০ টাকা; পৃ. ৬৪

২৭. রাজনীতিতে ধর্ম মতাদর্শ ও সংস্কৃতি (২০১৬)
জাগৃতি প্রকাশনী; প্রচ্ছদ : রবীন আহসান; মূল্য : ৩০০ টাকা; পৃ. ১৯২

২৮. নৈতিকচেতনা : ধর্ম ও আদর্শ (২০১৮)
জাগৃতি প্রকাশনী; প্রচ্ছদ : সাইফ আলি; মূল্য : ৭০০ টাকা, পৃ. ৪৩৮

২৯. ভালো জীবন যাপন নিয়ে কিছু কথা (২০১৯)
জাগৃতি প্রকাশনী; প্রচ্ছদ : রিদমা আদনিন; মূল্য : ২৫০ টাকা; পৃ. ৬৪

৩০. মার্কসবাদ ও আজকের বাস্তবতা (২০১৯)
শ্রাবণ প্রকাশনী; প্রচ্ছদ রবীন আহসান; মূল্য ৩৮০ টাকা; পৃ. ২৮০

৩১. রেনেসাঁস ও গণজাগরণ (২০২০)
জাগৃতি প্রকাশনী; প্রচ্ছদ : রাজীব চৌধুরী; মূল্য : ২৮০ টাকা; পৃ. ১১২

৩২. রাষ্ট্রভাষা আন্দোল (২০২২)
জাগৃতি প্রকাশনী; প্রচ্ছদ : মোহাম্মদ বাবলু হাসান; মূল্য : ৩৫০ টাকা; পৃ. ১৬৪

**অনুবাদ**

১. বার্ট্রান্ড রাসেল : রাজনৈতিক আদর্শ (১৯৭২)
প্রথম প্রকাশ : বাংলা একাডেমি (১৯৭২); তৃতীয় সংস্করণ বাংলা একাডেমি
জাগৃতি সংস্করণ (জানুয়ারি, ১৯৯৮); প্রচ্ছদ : অনিন্দ্য কবীর; মূল্য : ৬০ টাকা, পৃ. ৮০
বিশ্বসাহিত্য কেন্দ্র সংস্করণ (২০১৫); প্রচ্ছদ : ধ্রুব এষ; মূল্য : ১৫০ টাকা; পৃ. ১১০

**পুস্তিকা**

১. নৈতিকতা : শ্রেয়োনীতি ও দুর্নীতি (অক্টোবর ১৯৭৯)
পারাপার; প্রচ্ছদ : লুৎফুল হক; মূল্য : ৫ টাকা; পৃ. ৩২

২. বাংলাদেশের সংস্কৃতির গতি-প্রকৃতি (২০০২)
স্বদেশচিন্তা সংঘ; প্রচ্ছদ : সাইফুল হক সদল; মূল্য ১০ টাকা; পৃ. ৩২

৩. আটাশ দফা (২০০5)
জাগরণী শান্তিসংঘ; প্রচ্ছদ : সব্যসাচী হাজরা; মূল্য : ২০ টাকা; পৃ. ৩২

৪. বাংলা ভাষার ভবিষ্যৎ (২০১২)
বাঙলা সমিতি; প্রচ্ছদ : সাইফুল হক সদল; মূল্য : ৫ টাকা; পৃ. ১৬

৫. বাংলা ভাষা ও বাংলাদেশ (২০২০)
বাঙলা সমিতি; প্রচ্ছদ : সাইফুল হক সদল; মূল্য : ১০ টাকা, পৃ. ৮

**সম্পাদিত গ্রন্থ**

১. ইতিহাসের আলোকে বাংলাদেশের সংস্কৃতি (১৯৭৮)
মুক্তধারা; প্রচ্ছদ : (?); মূল্য : (?); পৃ. (?), [বই পাওয়া যায়নি]

২. স্বদেশচিন্তা (১৯৮৫)
বাঁধন পাবলিকেশন্স সংস্করণ (২০১১); প্রচ্ছদ : নিয়াজ চৌধুরী তুলি; মূল্য : ২০০ টাকা, পৃ. ১৮৪

৩. বঙ্কিমচন্দ্র : সার্ধশত জন্মবর্ষে (১৯৯০)

বাঙলাদেশ উপন্যাস পরিষদ; মূল্য : ৫০ টাকা; দ্বিতীয় সংস্করণ পৃ. ১১২

৪. সাম্য : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (২০০০)
জাগৃতি প্রকাশনী; প্রচ্ছদ : অনিন্দ্য কবির; মূল্য : ৪৫ টাকা; পৃ. ৫৬

৫. মানবমুকুট : মোহাম্মদ এয়াকুব আলী চৌধুরী (২০০০)
জাগৃতি প্রকাশনী; প্রচ্ছদ : ফয়সাল আরেফিন দীপন; মূল্য : ৬০ টাকা; পৃ. ৫৬

৬. ভবিষ্যতের বাঙালি : এস ওয়াজেদ আলী (২০০০)
জাগৃতি প্রকাশনী; প্রচ্ছদ : অনিন্দ্য কবির; মূল্য : ১৩৫ টাকা; পৃ. ৮০

৭. আকবরের রাষ্ট্রসাধনা (২০০২)
জাগৃতি প্রকাশনী; প্রচ্ছদ : (?); মূল্য : (?); পৃ. (?), [বই পাওয়া যায়নি]

৮. বাংলাদেশের উচ্চশিক্ষা দুশো বছর (২০০৬)
সূচিপত্র; প্রচ্ছদ : নিয়াজ চৌধুরী তুলি; মূল্য : (?); পৃ. (?), [বই পাওয়া যায়নি]

৯. আবুল হুসেন রচনাবলী (প্রথম খ, ২০০৩)
বাংলা একাডেমি; প্রচ্ছদ : মোহাম্মদ মোহসীন; মূল্য : ১৫০ টাকা; পৃ. ৩৪০

১০. মানুষের স্বরূপ (২০০৯)
দ্বৈত সম্পাদনা; কথাপ্রকাশ; প্রচ্ছদ : কাইয়ূম চৌধুরী; মূল্য : ৫০০ টাকা, পৃ. ৩৮৪

১১. বাঙালির সংস্কৃতিচিন্ড়া (২০০৯)
দ্বৈত সম্পাদনা; কথাপ্রকাশ; প্রচ্ছদ : ধ্রব এষ; মূল্য : ৬০০ টাকা, পৃ. ৫২০

১২. রবীন্দ্রদৃষ্টিতে সভ্যতা (২০১২)
কথাপ্রকাশ; প্রচ্ছদ : সব্যসাচী হাজরা; মূল্য ১৫০ টাকা; পৃ. ১১২

১৩. নির্বাচিত প্রবন্ধ : কাজী আবদুল ওদুদ (২০১৩)
বিশ্বসাহিত্য কেন্দ্র; প্রচ্ছদ : (?); মূল্য : (?); পৃ. (?), [বই পাওয়া যায়নি]

১৪. রাষ্ট্রভাষা আন্দোলনের দলিলপত্র (২০১৬)
দ্বৈত সম্পাদনা; আহমদ পাবলিশিং হাউজ; প্রচ্ছদ : আনওয়ার ফারক; মূল্য : ৪৫০ টাকা; পৃ. ২৮০

১৫. বাংলা উপন্যাসের ধারা : অচ্যুত গোস্বামী
ভাষাপ্রকাশ; প্রচ্ছদ : সাইফুল হক সদল; মূল্য : ৩০০ টাকা; পৃ. ৩১২

১৬. বেগম রোকেয়া রচনাবলি (২০১৮)
ভাষাপ্রকাশ; প্রচ্ছদ : ধ্রব এষ; মূল্য : ৪৫০ টাকা; পৃ. ৫৭৬

১৭. সুকান্ড় ভট্টাচার্য রচনাবলি (২০১৯)
ভাষাপ্রকাশ; প্রচ্ছদ : ধ্রব এষ; মূল্য : ৩৫০ টাকা; পৃ. ৩৬০

১৮. শাশ্বতবঙ্গ : কাজী আবদুল ওদুদ (২০২০)
ভাষাপ্রকাশ; প্রচ্ছদ : সাইফুল হক সদল; মূল্য : ৫০০ টাকা; পৃ. ৫১২

১৯. বাংলার জাগরণ : কাজী আবদুল ওদুদ (২০২০)
ভাষাপ্রকাশ; প্রচ্ছদ : সাইফুল হক সদল; মূল্য : ২৫০ টাকা; পৃ. ১৭৬

২০. নির্বাচিত কিশোর রচনা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (২০২১)
ভাষাপ্রকাশ; প্রচ্ছদ : সাইফুল হক সদল; মূল্য : ৩০০ টাকা; পৃ. ২০০

২১. সাহিত্য জিজ্ঞাসা : সাহিত্যসৃষ্টি ও সাহিত্যবিচার (২০১৯)
আগামী প্রকাশনী; প্রচ্ছদ : আনওয়ার ফারক; মূল্য : ৯৫০ টাকা; পৃ. ৫৯২

২২. হিন্দু-মুসলমান বিরোধ : কাজী আবদুল ওদুদ
বাঙ্গালা গবেষণা প্রকাশনা; প্রচ্ছদ : মোস্ড়াফিজ কারিগর; মূল্য : ১৭০ টাকা; পৃ. ৬৪

২৩. সংস্কৃতি-কথা : মোতাহের হোসেন চৌধুরী (২০২২)
ভাষাপ্রকাশ; প্রচ্ছদ : সাইফুল হক সদল; মূল্য : ৩৫০ টাকা; পৃ. ৩৮৮

**পত্রিকা**

১. লোকায়ত [সৃজনপ্রয়াসী সাময়িকপত্র]; প্রথম প্রকাশ : ১৯৮২

সূত্র: ড. মিজান রহমান সম্পাদিত 'কর্ষণ